



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নারান্দিয়া ইউনিয়ন পরিষদ

কালিহাতি, টাঙ্গাইল।

www.narandiyaup.tangail.gov.bd

## সভার কার্য বিবরণী

প্রতিষ্ঠানের নাম: আইনশৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা, ০৪ নং নারান্দিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

সভার নং : ৫ম, স্থান : ইউপি ভবন, সভার তারিখ: ০১/০৪/২০২৪, সময়: ১০.১০ ঘটিকা।

সভাপতি : জনাব মো: মাসুদ তালুকদার। প্রকৃতি: সাধারণ।

ক্রমিক নং	আইনশৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যদের নাম	পদবী	কমিটি পদবী	স্বাক্ষর
১	জনাব মো: মাসুদ তালুকদার	ইউপি চেয়ারম্যান	সভাপতি	হাজিরা বহি মোতাবেক
২	জনাব মো: বোরহান উদ্দিন	সমাজ সেবক	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৩	মো: রোকন উদ্দিন আহম্মদ	শিক্ষক	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৪	মো: আ: বাহেদ তালুকদার	ব্যবসায়ী	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৫	জনাব তারা মন্ডল	সমাজ সেবক	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৬	মো: বাবলু তালুকদার	ব্যবসায়ী	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৭	এস.এম শামছুল আলম	অব: ইউপি সচিব	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৮	জনাব জাবেদ আলী	কৃষি	সদস্য	হাজিরা বহি মোতাবেক
৯	মো: আব্দুল আজিজ	ইউপি সচিব	সদস্য সচিব	হাজিরা বহি মোতাবেক

আলোচ্যসূচী:

- ১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২। আইনশৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির আলোচনা।
- ৩। বিবিধ

অধ্যাকার সভা জনাব মো: মাসুদ তালুকদার চেয়ারম্যান, ০৪ নং নারান্দিয়া ইউনিয়ন পরিষদ ও আইনশৃঙ্খলা রক্ষাবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি, কালিহাতি, টাঙ্গাইল- এর সভাপতিত্বে সভার কার্যবিবরণী আরম্ভ করা হল। সভার শুরুতে জনাব সভাপতি সাহেব উপস্থিত আইনশৃঙ্খলা রক্ষাবিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

আলোচ্যসূচী:- ২। আইনশৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির আলোচনা।

জনাব মো: দেলোয়ার হোসেন ইউপি সদস্য, সাহেব বলেন যে, আগামী ১০, ১১, ১২ এপ্রিল, ২০২৪ইং সরকারী ছুটি ও ইদুল ফিতরের বন্ধ এবং ১৪ই এপ্রিল, ২০২৪ইং, বাংলা পহেলা বৈশাখ ও বাঙ্গালী জাতির এক অবিচ্ছেদ্য অংশ। অত্র ইউনিয়নে গরু চোরের, সিঁদকাটা চোরের এবং ছেচরা চোরের উপদ্রবের আশংকা দেখা যাচ্ছে। এ বিষয়ে উপস্থিত সদস্যদের মধ্যে আলোচনা হয়। আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, প্রত্যেক ওয়ার্ডের বাজার/দোকানপাট সংশ্লিষ্ট এলাকায় গ্রাম পুলিশদের পাহারা দেওয়ার জন্য এবং এ বিষয়ে বাজার বণিক সমিতির সভাপতি/সেক্রেটারীকে সহযোগিতা/অবগতি করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৪/২০২৪ইং  
মোঃ মাসুদ তালুকদার  
চেয়ারম্যান  
৪নং নারান্দিয়া ইউনিয়ন পরিষদ  
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি  
আইনশৃঙ্খলা রক্ষাবিষয়ক স্থায়ী কমিটির  
কালিহাতি, টাঙ্গাইল